

শিক্ষায় বাংলাদেশ যুগান্তকারী পরিবর্তন এনেছে : শিক্ষামন্ত্রী

নিম্নে বার্তা পরিবেশক

শিক্ষা বাতে ডিজিটাল-২২ দশমিক ৪ এবং জাতীয় বাজেটের ১১ শতাংশ বরাদ্দ দেয়া হয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষাক্ষেত্রে বাংলাদেশ যুগান্তকারী পরিবর্তন এনেছে।

ভারতের মুম্বাইয়ে ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেসের (ডব্লিউইসি) উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষামন্ত্রী আরও বলেন, জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করে দূরদর্শী দিকনির্দেশনা, পরপর ৩ বছর ১ জানুয়ারি ৩ কোটি ১২ লাখ শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, শিক্ষায় তথ্যপ্রযুক্তির ব্যাপক ব্যবহার, প্রাথমিক ও মাধ্যমিকের সবগুলো বইয়ের শিক্ষাক্রম সুসোপযোগী এবং পরীক্ষা-ফল প্রকাশ-ভর্তি-নিয়োগসহ বিভিন্ন ক্ষেত্রে শৃঙ্খলায় ইতিবাচক পরিবর্তন এসেছে।

তিনি বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বাধীন সরকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করে মধ্যম আয়ের দেশে উন্নীত করার প্রত্যয় ঘোষণা করেছেন। তিনি আরও বলেন, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে এরই মধ্যে ছাত্রছাত্রী সংখ্যার সমতা নিশ্চিত করা সম্ভব হয়েছে। বাংলাদেশের সাক্ষরতার বিষয়ের সঙ্গে সঙ্গে কারিগরি, বৃত্তিমূলক ও শিক্ষায় : পৃষ্ঠা : ২ ক : ৭

শিক্ষায় বাংলাদেশ

(১৬ পৃষ্ঠার পূর্ব)

উচ্চশিক্ষার উন্নয়নের বিষয়
বিবেচনায় আনার জন্য বিশ্ব
সম্প্রদায়ের প্রতি আহ্বান
শিক্ষামন্ত্রীর।

আওয়াজ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস
(ডব্লিউইসি) শিক্ষাক্ষেত্রে বিশেষ
অবদানের জন্য বাংলাদেশের
শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদকে
ডব্লিউইসি অ্যাওয়ার্ডের জন্য
মনোনীত করেছে। গতকাল রাতে
এক বর্ণাঢ্য অনুষ্ঠানে তাকে এ
অ্যাওয়ার্ড দেয়া হয়।